দৈনিক ইত্তেফাক

NOV 25 1999
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

৬৪

# বাউফলে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

বাউফল সংবাদদাতা ॥ গত রবিবার হইতে বাউফল থানার মাধ্যমিক স্কুলগুলিতে বার্ষিক পরীক্ষা শুরু হইয়াছে। বাউফল হাইস্কুলের প্রশ্নপত্র ফাঁস হইয়াছে। ছাত্রদের ফাঁস হওয়া প্রশ্নপত্র টাকা দিয়া সংগ্রহ করিতে ৩/৪ দিন পর্যন্ত ব্যস্ত দেখা গিয়াছে। গতকাল পরীক্ষা শেষে অনেক ছাত্র ফাঁস হওয়া প্রশ্ন দিয়া পরীক্ষা দিয়াছে বলিয়া অত্র সংবাদদাতার কাছে স্বীকার করিয়াছে। ক্লাসে ১ম/২য় হয় এমন ছাত্ররাও ২০০/৩০০ টাকা দিয়া প্রশ্ন কিনিয়াছে। অনেক অভিভাবক প্রশ্নপত্র ফাঁসের কথা অভিযোগ আকারেও জানাইয়াছেন। এই ব্যাপারে বাউফল হাইস্কুলের দায়িত্ব প্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক হাফিজুর রহমান জানান, জেলা শিক্ষক সমিতি হইতে প্রশ্ন আনা হয় এবং প্রতি বছরই প্রশ্ন ফাঁস হয়। যাহারা বাহির হইতে প্রশ্ন আনে তাহাদের গোপনীয়তা রক্ষা হয়।

এদিকে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বাউফল হাইস্কুল কেন্দ্রে নবম শ্রেণীর ফাইনাল পরীক্ষা চলিতেছে। এই পরীক্ষায় অবাধে নকল চলিতেছে।